ফোন ঃ
অফিস ঃ ৮৮০২২২২২৩০০৭৬

গোপনীয়
রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (৮ম তলা), ৭২, গ্রীণ রোড, ঢাকা-১২০৫।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০১৯.১৯-২৮

তারিখঃ ২৫/১০/১৪২৬বঙ্গাঃ
০৮/০২/২০২০খ্রিঃ

জনাব মোঃ ইউসুফ আলী (আইডি নং-৯৪১০১০০০১)
কার্যসহকারী
টাঙ্গাইল পওর উপ-বিভাগ-০২
বাপাউবো, টাঙ্গাইল।

জনাব মোঃ ইউসুফ আলী
পিতাঃ নায়েব আলী
গ্রামঃ শৈলের কান্দা, ব্রহ্মোত্তর, পোঃ শৈলের কান্দাবাজার
থানাঃ জামালপুর সদর, জেলাঃ জামালপুর।

বিষয় ঃ চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসংগে।

আপনি জনাব মোঃ ইউসুফ আলী (আইডি নং-৯৪১০১০০০১), কার্যসহকারী, টাংগাইল পওর উপ-বিভাগ-০২, বাপাউবো, টাইংগাইল গত ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে আপনাকে উপ-বিভাগীয় প্রকৌশলী, টাংগাইল পওর উপ-বিভাগ-২, বাপাউবো, টাংগাইল এর স্মারক নং-৪৩৪ তারিখঃ ০৯/১২/২০১৮ খ্রিঃ, নং ৩১/৫৭৯ তারিখঃ ১০/০১/২০১৯ খ্রিঃ এবং নির্বাহী প্রকৌশলী, টাংগাইল পওর বিভাগ, বাপাউবো, টাংগাইল এর স্মারক নং-পি-৫৮১/৩৯৮০ তারিখঃ ২৪/০২/২০১৯ খ্রিঃ ও পি-৫৮১/৪০৭৯ তারিখঃ ০৫/০৩/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির কারন দর্শানো সহ ব্যাখ্যা তলব করা হয় এবং সন্তোষজনক জবাব দাখিল পূর্বক পত্র জারির ০৭(সাত) দিনের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য বারবার নির্দেশ প্রদান করা সত্ত্বেও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে আপনি অদ্যাবধি কাজে যোগদান করেননি। এমনকি আপনি আপনার অবস্থান সম্পর্কে মৌখিক বা লিখিতভাবে সংশ্লিষ্ট দপ্তরকে কোন কিছু অবহিত করেননি। আপনার অননুমোদিত অনুপস্থিতির প্রকৃত কারণ উদঘাটনের জন্য অত্র দপ্তরের স্মারক নং-১৭৫-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৯ তারিখঃ ২৯/০৭/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা আপনার উক্ত অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

০২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও মতামত পর্যালোচনায় দেখা যায় যে, আপনি জনাব মোঃ ইউসুফ আলী (আইডি নং-৯৪১০১০০০১), কার্যসহকারী, টাংগাইল পওর উপ-বিভাগ-০২, বাপাউবো, টাইংগাইল এর বিরুদ্ধে দীর্ঘদিন অর্থাৎ গত ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে সন্দেহাতীতভাবে প্রতিষ্ঠিত হয়েছে। আপনার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

৩। যেহেতু আপনি জনাব মোঃ ইউসুফ আলী (আইডি নং-৯৪১০১০০০১), কার্যসহকারী, টাংগাইল পওর উপ-বিভাগ-০২, বাপাউবো, টাইংগাইল উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে আপনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৪। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-২০-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৯ তারিখঃ ৩০/০১/২০২০ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার অফিসের ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও আপনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৯৬/পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৯ তারিখঃ ৩০/০১/২০২০খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

অঃ পৃঃ দ্রঃ

৫। এক্ষণে যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে গত ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক কতর্ব্য কর্মে অবহেলা, অসদাচরণ, এবং পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৬। অতএব কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার বিরুদ্ধে গত ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রমাণিত হওয়ায় আপনার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি ঃ ১। তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-২১(একুশ) পাতা।

০৮/০২/২০২১

(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১
টেলিফোন নম্বর ঃ ৮৮০২২২২৩০০৭৬
Dir.discipline.bwdb@gmail.com

অনুলিপিঃ

১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
৩। নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশখানা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০/২/২০২২